# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 18.06.2024** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) এক হাজার ২৯৩ জন যাত্রীকে নিয়ে দুর্ঘটনাগ্রস্ত ডাউন কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস গভীর রাত ৩ টে ১৭ মিনিট নাগাদ শিয়ালদা স্টেশনে এসে পৌঁছেছে।

রেলমন্ত্রী জানিয়েছেন, সেফটি কমিশনারের নেতৃত্বে তদন্তের পর প্রকৃত তথ্য সামনে আসবে।

সব পক্ষ থেকেই আহতদের চিকিৎসাকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

২) রাজ্যের নানা প্রান্তে ভোট পরবর্তী হিংসার অভিযোগ খতিয়ে দেখতে বিজেপির কেন্দ্রীয় দল আজ দুই ২৪ পরগণায় যাবে।

৩) বাগদা বিধানসভা উপনির্বাচনের জন্য বিজেপি প্রার্থীর নাম ঘোষণার পরই দলের মধ্যে ক্ষোভ দানা বেধেছে।

৪) চলতি মরশুমে রাজ্যের ১৬ জেলায় ডেঙ্গু আক্রান্তের সংখ্যা এক হাজার ১০০ ছাড়িয়েছে।

৫) বাংলা যুব জাতীয় অ্যাথলেটিক্সে দুটি সোনা ও একটি ব্রোঞ্জ পদক পেয়েছে।

---

এক হাজার ২৯৩ জন যাত্রীকে নিয়ে দুর্ঘটনাগ্রস্ত ডাউন কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস গভীর রাত ৩ টে ১৭ মিনিট নাগাদ শিয়ালদা স্টেশনে এসে পৌঁছেছে। শিয়ালদার

ডিআরএম দীপক নিগম এবং অন্যান্য আধিকারকরা ছাড়াও পুর ও নগরোন্নয়ন মন্ত্রী মেয়র ফিরহাদ হাকিম স্টেশনে উপস্থিত ছিলেন। রাজ্য পরিবহন দপ্তরের পক্ষ থেকে বিধ্বস্ত যাত্রীদের স্বচ্ছন্দে বাড়ি পৌঁছে দিতে স্টেশনে সরকারি বাসের ব্যবস্থা ছিল। রেল ও রাজ্যের ব্যবস্থাপনায় সন্তোষ প৩কাশ করেন যাত্রীরা।

এই ট্রেন দুর্ঘটনায় সরকারিভাবে ৯ জনের মৃত্যুর কথা জানানো হলেও, বেসরকারী সূত্রে অবশ্য মৃতের সংখ্যা আরও বেশি। এদের মধ্যে মালগাড়ির চালক ও কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের গার্ড ছাড়াও রয়েছেন ৭ যাত্রী। আহত অন্তত ৬০।

প্রাথমিকভাবে সিগনাল অমান্য করার তথ্য উঠে আসলেও রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানান, মুখ্য সেফটি কমিশনার, জনক কুমার গর্গের নেতৃত্বে যথাযথ তদন্তের পরই ঘটনার প্রকৃত কারণ সামনে আসবে। গতকালই তিনি দুর্ঘটনাস্থল পরিদর্শন ছাড়াও উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে গিয়ে আহতদের সঙ্গে দেখা করেন। হাসপাতাল থেকে বেরিয়ে সাংবাদিকদের জানান, এই সময়ে যাত্রীদের নিরাপত্তা ব্যবস্থা সুনিশ্চিত করাই সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়।

বাইট অশ্বিনী

গতকাল যুদ্ধাকালীন তৎপরতায় রেললাইনের মেরামতির পর রাত ১০ টা নাগাদ দুর্ঘটনাস্থলে ডাউন লাইনে মাল গাড়ি চালানো হয়। বিকেলের দিকেই আপ লাইনে অবশ্য ট্রেন চলাচল শুরু হয়েছিল।

এদিকে, রাজ্যপাল সি ভি আনন্দ বোসও পরিস্থিতি খতিয়ে দেখতে দুর্ঘটনাস্থলে যান। পরে আহতদের দেখতে হাসপাতালেও যান তিনি। চিকিৎসাধীন যাত্রীদের সুস্থতাকেই অগ্রাধিকার দেওয়া প্রয়োজন বলে রাজ্যপাল মত প্রকাশ করেন।

বাইট রাজ্যপাল

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে গিয়ে আহতদের সঙ্গে দেখা করেন। হাসপাতালের বাইরে সাংবাদিকদের তিনি বলেন, সব কিছুই এখন আধুনিক প্রযুক্তিতে চলছে। তা সত্ত্বেও মালগাড়ির লোকো পাইলট কিভাবে হাতে লেখা সিগনালের ছাড়পত্র পেলেন, তা নিয়ে প্রশ্ন তোলেন তিনি। অ্যান্টি কলিশন ডিভাইস ব্যবহার না করা নিয়ে ক্ষোভ প্রকাশ করেন মুখ্যমন্ত্রী।

বাইট মমতা

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার, বিষয়টি নিয়ে রাজনীতি না করার জন্য বিরোধীদের প্রতি আহ্বান জানান। হাসপাতালে রোগীদের সঙ্গে দেখা করার পর রেলের সুরক্ষা ব্যবস্থা নিয়ে মুখ্যমন্ত্রীর তোলা অভিযোগকে অস্বীকার করেন তিনি।

বাইট সুকান্ত

উল্লেখ্য, গতকাল সকালে শিয়ালদামুখী কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস, নিউ জলপাইগুড়ি স্টেশন ছাড়ার পরই সিগন্যাল না পেয়ে নীচবাড়ি ও চটেরহাটের মাঝামাঝি দাঁড়িয়ে যায়। সেসময় পেছন থেকে দ্রুত গতিতে একটি মালগাড়ি এসে ধাক্কা মারলে এই বিপত্তি ঘটে। মালগাড়িরও একের পর এক ওয়াগন পাশের লাইনে উল্টে পড়ে। ধাক্কার অভিঘাতে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের একটি কামরার ওপর উঠে যায় আর একটি কামরা। তিনটি কামরা দুমড়ে মুচড়ে যায়।

রেলের পক্ষ থেকে নিহতদের ১০ লক্ষ টাকা এবং গুরুতর আহতদের আড়াই লক্ষ ও স্বল্প আহতদের ৫০ হাজার টাকা দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে। এছাড়াও

প্রধানমন্ত্রী জাতীয় ত্রাণ তহবিল থেকে মৃতদের পরিবার পিছু ২ লক্ষ টাকা করে এবং আহতদের ৫০ হাজার টাকা করে দেওয়ার কথাও ঘোষণা করা হয়।

----------------------

রাজ্যের নানা প্রান্তে ভোট পরবর্তী হিংসার অভিযোগ খতিয়ে দেখতে বিজেপির শীর্ষ স্তরের নেতৃত্ব জেলায় জেলায় যাচ্ছে। সাংসদ বিপ্লব দেবের নেতৃত্বে চার সদস্যের দলটি আজ দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ডহরাবার লোকসভা কেন্দ্রের বিষ্ণুপুর আলতাবেরিয়ায় আক্রান্ত দলীয় কর্মীদের সঙ্গে দেখা করবে। পরে দলটি যাবে জয়নগরে। দলীয় কার্যালয়ে আশ্রয় নেওয়া কর্মী সমর্থকদের সঙ্গে কথা বলবেন তাঁরা। সেখান থেকে উত্তর ২৪ পরগণার বেড়মজুর ও সন্দেশখালিতে যাওয়ার কথা রয়েছে তাঁদের।

এর আগে গতকাল কেন্দ্রীয় দলটি কোচবিহারে আক্রান্তদের সঙ্গে সাক্ষাত্ করে। জেলায় এক মহিলা কর্মীকে যৌন হেনস্থা করা হয়েছে বলে তাদের দাবি। এব্যাপারে পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগ তোলেন সাংসদ রবিশঙ্কর প্রসাদ।

বাইট রবিশঙ্কর প্রসাদ

----------------------

রাজভবনের নিরাপত্তার দায়িত্ব থেকে কলকাতা পুলিশকে সরিয়ে দেওয়ার জন্য রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্য সরকারকে চিঠি দিয়েছেন। তাতে রাজভবন থেকে অবিলম্বে ঐ পুলিশকর্মীদের সরিয়ে দিতেও বলা হয়েছে।

রাজভবন সূত্রে জানা গিয়েছে, রাজ্যপাল সিভি আনন্দ বোস তাঁর চিঠিতে জানিয়েছেন, রাজভবন চত্বরে কলকাতা পুলিশের নিরাপত্তায় তিনি একেবারেই সুরক্ষিত বোধ করছেন না। তাই রাজভবনের দায়িত্বে থাকা পুলিশ কর্মীদের সরিয়ে দেওয়া হোক।

উল্লেখ্য, রাজভবনে গত বৃহস্পতিবার পুলিশের বাধায় ঢুকতে না পারার অভিযোগ তুলে কলকাতা হাইকোর্টে মামলা করেছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তারপর থেকেই রাজ্য সরকারের আচরণের সমালোচনা করে এ ব্যাপারে একাধিকবার সরব হয়েছেন রাজ্যপাল।

-----------------------

রাজ্যের বাগদা বিধানসভা উপনির্বাচনের জন্য বিজেপি প্রার্থীর নাম ঘোষণার পরই দলের মধ্যে ক্ষোভ দানা বেধেছে। ৮০ লক্ষ টাকার বিনিময়ে বহিরাগত বিনয় বিশ্বাসকে দল প্রার্থী করেছে বলে অভিযোগ নেতা কর্মীদের একাংশের। ২৪ ঘন্টার মধ্যে প্রার্থী বদল না করা হলে ভোটে নির্দল প্রার্থী দেওয়া হবে বলেও হুঁশিয়ারি দিয়েছেন তারা।

অন্যদিকে রায়গঞ্জ বিধানসভায় উপনির্বাচনের জন্য বিজেপির প্রার্থীর নাম প্রকাশের পরই জেলা সভাপতির পদ থেকে ইস্তফার কথা ঘোষণা করেছেন বাসুদেব সরকার। পদ থেকে অব্যাহতি চেয়ে ইতোমধ্যেই রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারকে চিঠি পাঠিয়েছেন তিনি। তবে পারিবারিক ও ব্যক্তিগত কারণে এই সিদ্ধান্ত বলে এই চিঠিতে জানানো হয়েছে।

উল্লেখ্য, গতকাল বিজেপি রাজ্যের চারটি বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে প্রার্থী তালিকা ঘোষণা করেছে। রায়গঞ্জ বিধানসভা কেন্দ্রে মানস কুমার ঘোষ,রানাঘাট দক্ষিণে মনোজ কুমার বিশ্বাস, বাগদায় বিনয় কুমার বিশ্বাস এবং মানিকতলা কেন্দ্রে কল্যান চৌবে ভট্টাচার্য প্রতিদ্বন্দ্বিতা করবেন।

আগেই জানানো হয়েছে, নির্বাচন কমিশন আগামী ১০'ই জুলাই বাগদা, রানাঘাট দক্ষিণ, মানিকতলা ও রায়গঞ্জ বিধানসভা আসনে উপনির্বাচনের দিন স্থির করেছে।

------------------------

চলতি মরশুমে রাজ্যের ১৬টি জেলায় ডেঙ্গু আক্রান্তের সংখ্যা ১ হাজার ১০০ ছাড়িয়েছে। এর মধ্যে মালদহ ছাড়া বাকি ১৫ জেলাই দক্ষিণবঙ্গের।

স্বাস্থ্য দফতর সূত্রে জানা গেছে ১ জানুয়ারি থেকে ১৩ জুন পর্যন্ত মোট ১ হাজার ১২১ জন ডেঙ্গু আক্রান্ত হয়েছেন। আক্রান্তের নিরিখে শীর্ষস্থানে রয়েছে মালদহ। সেখানে আক্রান্তের সংখ্যা ১৫৩। এ ছাড়া সংক্রামিতের সংখ্যা একশো ছাড়িয়েছে, এরকম আরও তিনটি জেলা হল উত্তর ২৪ পরগনা, মুর্শিদাবাদ এবং হুগলি।

এছাড়া কলকাতা রয়েছে পঞ্চম স্থানে। সেখানে আক্রান্তের সংখ্যা ৯৬। লাগোয়া দক্ষিণ ২৪ পরগনা ও হাওড়ায় আক্রান্তের সংখ্যা ৬৮ ও ৩৬।

রাজ্যের স্বাস্থ্য অধিকর্তা সিদ্ধার্থ নিয়োগী জানিয়েছেন জুন মাসের অর্ধেক পেরিয়ে গেলেও তেমন বৃষ্টি এখনও হয়নি। তা সত্ত্বেও দক্ষিণবঙ্গে ধীরে ধীরে বাড়তে শুরু করেছে এই মশাবাহিত রোগ। এর মোকাবিলায় ইতিমধ্যে সমস্ত রকম প্রস্তুতি সেরে রেখেছে স্বাস্থ্য দফতর। গ্রাম ও শহরাঞ্চলে বাড়ি বাড়ি গিয়ে মশানিধন এবং সতর্কতা প্রচারের কাজ চলছে।

------------------------

আসন্ন বর্ষার মরশুমে রাজ্যের শহর অঞ্চলের মানুষকে জল জমার সমস্যা থেকে মুক্তি দিতে রাজ্য সরকার একাধিক পদক্ষেপ নিচ্ছে। রাজ্যের পুর ও নগরোন্নয়ন দফতর সূত্রে জানা গিয়েছে গত একমাস ধরে পুরসভা গুলিতে 'কম্প্রিহেন্সিভ ড্রেনেজ অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট প্ল্যান' তৈরি করে জল জমার সমস্যা আটকানোর বিভিন্ন প্রস্তুতি নেওয়া হচ্ছে। এলাকাভিত্তিক জল জমার প্রবণতার উপর সমীক্ষা চালিয়ে সেগুলিকে 'রেড জোন' ও 'ইয়েলো জোন' চিহ্নিত করা হচ্ছে। যেসব এলাকায় বর্ষায় বাড়ির মধ্যে

জমা জল ঢুকে যায়, সেগুলি 'রেড জোন' এবং যে এলাকায় ২৪ ঘণ্টার বেশি সময় ধরে জল জমে থাকে, সেগুলি 'ইয়েলো জোন' হিসেবে চিহ্নিত করা হচ্ছে। এর পাশাপাশি পুরসভা গুলিকে আড়াই মিটারের কম চওড়া সমস্ত নর্দমা, খাল এবং নিকাশিনালা সংক্রান্ত যাবতীয় তথ্য অনলাইনে আপলোড করতে বলা হয়েছে। ওই রিপোর্টের ভিত্তিতে পরিস্থিতি মোকাবিলায় পাম্পিং স্টেশন ও পোর্টেবল পাম্প প্রস্তুত রাখা, পাশাপাশি সেচ, পূর্ত, কেএমডিএ সহ সংশ্লিষ্ট দপ্তরগুলির সঙ্গে বৈঠক সেরে রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

----------------------

বিলাসপুরে তিনদিনের যুব জাতীয় আথলেটিক্সের গতকাল শেষ দিনে বাংলা দুটি সোনা ও একটি ব্রোঞ্জ পদক পেয়েছে। সাগর রায় হাইজাম্পে স্বর্ণ পদক জয় করেছে। সাগর দুই দশমিক ০৬ মিটার উচ্চতা অতিক্রম করে সোনা পেয়েছে। হেপ্টাথলনে বাংলার রিনি খাতুন সোনা জিতেছে। তার সংগৃহীত পয়েন্ট চার হাজার ৩৫৭। ডিসকাস থ্রো-এ ব্রোঞ্জ পেয়েছে মিতালি হালদার।

---------------------- ----------------------